# স্বরুপ স্যারের প্রাথমিক বৃত্তি গণিত  নমুনা প্রশ্ন

**১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: (১×১০= ১০)**

**১. ১২৩×১১০= ☐ ফাঁকা ঘরে কোন সংখ্যাটি বসবে?**

ক. ১২৩০
খ. ১৩৫৩০
গ. ১২৩০০
ঘ. ১২৩১১০

**২. ভাগশেষ সবসময় কোনটির চেয়ে ছোট হয়?**

ক. ভাজ্য
খ. ভাজক
গ. ভাগফল
ঘ. ভাগফল ও ভাগশেষ

**৩. ৯টি ডিমের দাম ৭২ টাকা। ১৩টি ডিমের জন্য কত টাকা প্রয়োজন হবে?**

ক. ১০৮ টাকা
খ. ১০৪ টাকা
গ. ৯৮ টাকা
ঘ. ৯৪ টাকা

**৪. প্রক্রিয়া প্রতীক কয়টি?**

ক. ৩টি
খ. ৪টি
গ. ৫টি
ঘ. ৬টি

**৫. ৩/৭ এর সমতুল ভগ্নাংশ কোনটি?**

ক. ৬/২১
খ. ২১/২৮
গ. ১৫/৩৫
ঘ. ২১/৪২

**৬. দুইজনের বয়সের গড় ২৫ বছর। একজনের বয়স ৩০ বছর হলে, অন্যজনের বয়স কত?**

ক. ২০ বছর
খ. ২৬ বছর
গ. ২৭ বছর
ঘ. ৩০ বছর

Sarup Sir

**৭. কত গ্রামের ৫৬% হলো ৪২ গ্রাম?**
ক. ৯৮ গ্রাম
খ. ১১২ গ্রাম
গ. ৭৫ গ্রাম
ঘ. ১৫৬ গ্রাম

**৮. বর্গক্ষেত্রের প্রতিটি কোণ কত ডিগ্রি?**
ক. ১৮০°
খ. ৯০°
গ. ৩৬০°
ঘ. ১০০°

**৯. ২০১২ সালটি অধিবর্ষ ছিল। ১ জানুয়ারি ২০১২ রবিবার হলে, ৩১ ডিসেম্বর ২০১২ কী বার ছিল?**
ক. সোমবার
খ. মঙ্গলবার
গ. শুক্রবার
ঘ. শনিবার

**১০. আয়তলেখচিত্রের আকার কোনটি?**
ক. আয়তাকার
খ. ত্রিভুজাকার
গ. ষড়ভুজাকার
ঘ. বৃত্তাকার

**২. শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখ: (১×১০= ১০)**
১. যে সংখ্যাকে ভাগ করা হয় তাকে ☐ বলে।
২. ১৬ × ৩ ☐ ৮ = ৬, সঠিক প্রক্রিয়া প্রতীক বসাও।
৩. ৭ এর চতুর্থ গুণিতক হলো ——।
৪. ০.০১ কে ☐ দ্বারা গুণ করলে ১ পাওয়া যায়।
৫. ৩ রঙের ৩টি ফিতার দাম ১৪৪ টাকা হলে, গড় দাম —— টাকা।
৬. একটি ভগ্নাংশকে শতকরা আকারে রূপান্তর করতে একে —— দ্বারা গুণ করতে হয়।
৭. সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পরকে —— করে।
৮. ৬ হেক্টোগ্রাম ২ ডেকাগ্রাম = ☐ গ্রাম।
৯. বাংলা চৈত্র মাসে দিন সংখ্যা হলো —।
১০. বাংলাদেশে —— বিভাগে মাথাপিছু জমির পরিমাণ সবচেয়ে কম।

**৩. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন: (১×১৬= ১৬)**
১. ২৪ – ৩ × ৪ ÷ ২ + ৫ = কত?

Sarup Sir

২. ছয় অঙ্কের বৃহত্তম সংখ্যাকে দুই অঙ্কের বৃহত্তম সংখ্যা দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে?
৩. প্রকৃত ভগ্নাংশের মান সবসময় কেমন হয়?
৪. কখন অক্ষর প্রতীক ব্যবহার করা হয়?
৫. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৪, ৬ ও ৮ দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে ২ অবশিষ্ট থাকবে?
৬. ২৫ টাকা ২০ টাকার শতকরা কত?
৭. ১১/২% কে সাধারণ ভগ্নাংশে প্রকাশ করলে কত হবে?
৮. ৮০ টাকার

বই ১০০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হয়?
৯. একটি রম্বসের একটি কোণ ৮০°। এর বিপরীত কোণটি ছাড়া অন্য যেকোনো একটি কোণ কত ডিগ্রি?
১০. খ্রিষ্টীয় সাল ৪ দ্বারা বিভাজ্য হলেও কখন ফেব্রুয়ারি মাস ২৯ দিনের হয় না?
১১. ২০০ মি. বাহুবিশিষ্ট একটি বর্গাকার ক্ষেত্রের ক্ষেত্রফল কত হেক্টর?
১২. একটি ত্রিভুজাকার ক্ষেত্রের উচ্চতা ০.৬ কিমি এবং ক্ষেত্রফল ২.১ বর্গ কিমি হলে এর ভূমির পরিমাণ কত?
১৩. কর্ণ কাকে বলে?
১৪. ২০১১ সালের জরিপ অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা কত?
১৫. ২৪ ও ৩০ এর মৌলিক গুণনীয়কগুলোর মধ্যে সাধারণ মৌলিক গুণনীয়কগুলোর গুণফল কত?
১৬. শ্রেণি ব্যবধান কী?

৪. মতিন সাহেব প্রতি কেজি ৪৫ টাকা দরে ২১৬০ টাকার চাল কিনলেন। (২+৩+৩= ৮)
ক. মতিন সাহেব কত কেজি চাল কিনলেন?
খ. তিনি যদি এক-তৃতীয়াংশ পরিমাণ চাল কিনতেন, তাহলে তাঁর কত টাকা লাগত?
গ. যদি চালের দর দ্বিগুণ হয়, তাহলে ২১৬০ টাকায় তিনি কত কেজি চাল কিনতে পারবেন?

৫. কিছু টাইলস আছে যার প্রত্যেকটির দৈর্ঘ্য ৬ সেমি এবং প্রস্থ ৪ সেমি। আমরা টাইলসগুলো মেঝেতে বসিয়ে বর্গক্ষেত্র বানাতে চাই। তাহলে— (৪+৪= ৮)
ক. সবচেয়ে ছোট কর্গক্ষেত্র বানানোর জন্য কয়টি টাইলস প্রয়োজন?
খ. আকারের দিক থেকে দ্বিতীয় ক্ষুদ্রতম বর্গক্ষেত্র বানানোর জন্য কয়টি টাইলস প্রয়োজন?

৬. একটি গাড়ি ২.৫ ঘন্টায় ১১৪.৫ কিমি যায়। গাড়িটি প্রতি কিমি যেতে ০.২ লিটার তেল লাগে। (৮)
ক. গাড়িটি প্রতি ঘন্টায় কত কিমি যায়?
খ. গাড়িটির ৬৮৭ কিমি যেতে কত সময় লাগবে?
গ. ৪২.৮ কিমি যেতে গাড়িটির মোট কত লিটার তেল লাগবে?

৭. কলি, ডলি, পলি, মলি ও লিলির উচ্চতা যথাক্রমে ১৪৫ সেমি, ১৪৪ সেমি, ১৩৭ সেমি, ১৪৩ সেমি ও ১৪০ সেমি। (২+৩+৩= ৮)
ক. কলি ও ডলির গড় উচ্চতা কত?
খ. তাদের পাঁচজনের গড় উচ্চতা কত?
গ. কলি ও ডলির গড় উচ্চতা থেকে পলি, মলি, লিলির গড় উচ্চতা কত কম বা বেশি নির্ণয় কর।

৮. মি. তামিম ৮০০ টাকা ব্যাংকে জমা রেখে ৫ বছরে ৩২০ টাকা মুনাফা পেল। (২+৩+৩= ৮)
ক. ৮০০ টাকার ১ বছরের মুনাফা কত?
খ. শতকরা বার্ষিক মুনাফার হার কত?
গ. একই হার মুনাফায় ৮ বছর পর মুনাফা-আসলে কত টাকা হবে?

৯. একটি ত্রিভুজের ক্ষেত্রফল ৩.৬ বর্গকিলোমিটার। (৮)
ক. ১ বর্গকিলোমিটারে কত হেক্টর?
খ. ত্রিভুজটির উচ্চতা ২.৪ কিলোমিটার হলে, ভূমি কত?
গ. ত্রিভুজটির ভূমি ২ কিলোমিটার হলে, উচ্চতা কত?

১০. একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য ৭ সেমি এবং ৪ সেমি। (৪+৪= ৮)
ক. ট্রাপিজিয়ামটি অঙ্কন করো।
খ. অঙ্কিত ট্রাপিজিয়ামের ৪টি বৈশিষ্ট্য লেখ।

১১. ৪০ নম্বরের গণিত বিষয়ের পরীক্ষায় ১৬ জন শিক্ষার্থীর প্রাপ্ত নম্বর নিচে দেওয়া হলো: (৮)
১৫, ২০, ২৫, ২০, ২০, ১৫, ২৫, ৩০, ৩৫, ৩৫, ৪০, ৩৫, ৩০, ১৫, ২০, ২৫।
ক. সর্বোচ্চ ও সর্বনিম্ন নম্বরের পার্থক্য নির্ণয় করো।
খ. ৫ শ্রেণি ব্যবধান নিয়ে সারণি তৈরি করো।
গ. প্রাপ্ত সারণি থেকে আয়তলেখ অঙ্কন করো।

স্বরুপ দাস

এমএসসি গণিত ( জবি )

মাষ্টার ট্রেইনার ( গণিত )

01811898061

Sarup Sir